দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 02 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 7

98

# রাকসু নির্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদ ঐক্যবদ্ধ প্যানেল দেবে

রাজশাহী, ১লা মার্চ (নিজস্ব সংবাদদাতার ফোন) ।-- আসন্ন রাকসু নির্বাচনে ছাত্র সংগ্রাম পরিষদ ঐক্যবদ্ধভাবে একই প্যানেল থেকে প্রতিদ্বন্দ্বিতা করবে বলে পরিষদভুক্ত নেতৃবৃন্দ জানি-

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

ঢাকা : বৃহস্পতিবার,

## রাকসু নির্বাচন

(১ম পাতার পর)

য়েছেন।

তবে পদ বন্টনের ক্ষেত্রে সংগঠনগুলোর মধ্যে এখনো মতবিরোধ রয়েছে বলে জানা যায়। এই মতবিরোধ নিরসনের চেষ্টা চলছে।

আগামী ২৫শে মার্চ রাকসু, সিনেটে ছাত্র প্রতিনিধি ও হল সংসদের নির্বাচন অনুষ্ঠিত হবে। মনোনয়নপত্র জমা দেয়ার তারিখ ১২ই মার্চ দুপুর ১২টা পর্যন্ত। প্রত্যাহারের শেষ দিন ১৬ই মার্চ দুপুর ১২টা। দীর্ঘ ৯ বছর পর রাকসু নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ১৯৮০ সালে সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয়।